

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬০৬

করবুক, ১৮, জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবস : করবুক মহকুমায় প্রস্তুতি সভা

আগামী ২৬ জানুয়ারি করবুক মহকুমায় যথাযোগ্য মর্যাদায় প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে গতকাল মহকুমা শাসক কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক পার্থ দাস। সভায় উপস্থিত ছিলেন এমডিসি কাংজোয়াং মগ, মহকুমা কল্যাণ আধিকারিক অরিজিৎ দেববর্মা, করবুক ব্লকের অতিরিক্ত বিডিও অশোক দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, ২৬ জানুয়ারি প্রভাত ফেরীর মধ্যদিয়ে প্রজাতন্ত্র দিবস উদযাপনের সূচনা হবে। মহকুমার মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে। প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রীতি ভলিবল খেলা ও সাফাই অভিযান সংগঠিত হবে।
